

গুচ্ছ থেকে বেরিয়ে গেল জবি, ভর্তি কমিটি গঠন

জবি প্রতিনিধি

৬ এপ্রিল ২০২৩ ০৮:১৩ পিএম |

আপডেট: ৬ এপ্রিল ২০২৩ ০৮:১৩

পিএম

74
Shares



ফাইল ছবি

advertisement

গুচ্ছ ভর্তি পরীক্ষায় না থাকার চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি)। আজ বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের ৬৫তম একাডেমিক কাউন্সিলে এ সিদ্ধান্ত নেওয়া হয়।

২০২২-২৩ শিক্ষাবর্ষ থেকে নিজস্ব ব্যবস্থাপনায় ভর্তি পরীক্ষার জন্য কেন্দ্রীয় কমিটিসহ তিনটি ইউনিট কমিটি গঠন করা হয়েছে। একাডেমিক কাউন্সিলের সভা শেষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. আইমুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেন।

advertisement

আইনুল ইসলাম বলেন, ‘আজ একাডেমিক কাউন্সিলে আমরা ২০২২-২৩ শিক্ষাবর্ষে নিজস্ব ব্যবস্থাপনায় ভর্তি পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছি। পরীক্ষার জন্য একটি কেন্দ্রীয় কমিটি গঠন করা হয়েছে। এতে উপাচার্যকে আহ্বায়ক, রেজিস্ট্রারকে সদস্য সচিব, ট্রেজারার ও ৬ ডিনকে সদস্য করা হয়েছে।’

তিনি আরও বলেন, ‘তিনটি ইউনিটে ভর্তি পরীক্ষা হবে বলে সিদ্ধান্ত হয়েছে। বিজ্ঞানের জন্য ‘এ’ ইউনিট, কলা ও সামাজিক বিজ্ঞানের জন্য ‘বি’ ইউনিট এবং বাণিজ্যের জন্য ‘সি’ ইউনিটে পরীক্ষা হবে। লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের ডিনকে ‘এ’ ইউনিটের, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিনকে ‘বি’ ইউনিটের ও বিজনেস স্টাডিজ অনুষদের ডিনকে ‘সি’ ইউনিটের আহ্বায়ক করা হয়েছে। দ্রুত কমিটি পূর্ণাঙ্গ করে বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।’

advertisement

আরও পড়ুন: জবি শিক্ষক সমিতির আল্টিমেটাম

এর আগে গত ৩ এপ্রিল নিজস্ব পদ্ধতিতে ভর্তি পরীক্ষা নেওয়ার জন্য মানববন্ধন করেন শিক্ষক সমিতির নেতারা। মানববন্ধন শেষে উপাচার্যের কক্ষে নিজস্ব পদ্ধতিতে ভর্তি পরীক্ষার জন্য কমিটি করার আহ্বান জানিয়ে অবস্থান নেন শিক্ষকরা।